

বোয়িংয়ের সঙ্গে চুক্তি ইথিওপিয়ান এয়ারলাইনসের

- A Monitor Desk Report

Date: 20 August, 2023



উড়োজাহাজের যন্ত্রাংশ উৎপাদন শুরু করবে ইথিওপিয়ান এয়ারলাইনস। বোয়িংয়ের সঙ্গে উদ্যোগে ১ কোটি ৫০ লাখ ডলারে প্রাথমিকভাবে উৎপাদন শুরু করা হবে। সম্প্রতি দেশটির সরকারি বিনিয়োগ সংস্থা এমন তথ্য জানিয়েছে।

ইথিওপিয়ান ইনভেস্টমেন্ট কমিশন টুইট করে জানায়, ‘আফ্রিকার বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন ক্যারিয়ার এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষর করেছে। এ চুক্তিতে স্থানীয় রাজ্য শিল্প পার্ক উন্নয়ন করপোরেশন সংযুক্ত রয়েছে।’ কমিশন আরো বলে, ‘এ উদ্যোগের মাধ্যমে মহাকাশ যন্ত্রাংশ যেমন বিমান থার্মো-অ্যাকোস্টিক নিরোধক ব্ল্যাংকেট, বৈদ্যুতিক তারের সরঞ্জাম ও অন্যান্য অংশ তৈরি করবে। বিনিয়োগ প্রকল্পটি ৩০০টিরও বেশি ইথিওপিয়ানদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে বলে আশা করা হচ্ছে।’

আরও পড়ুন: [লন্ডন হিথ্রোতে এমিরেটসের অতিরিক্ত ৫টি সাপ্তাহিক ফ্লাইট](#)

কবে থেকে উৎপাদন শুরু হবে তা জানায়নি কমিশন। বোয়িং থেকে তাৎক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি। কেনিয়া এয়ারওয়েজের মতো অন্যান্য আফ্রিকান ক্যারিয়ারগুলো বলছে, ইউক্রেন যুদ্ধ সংকটের কারণে রাশিয়ান টাইটানিয়ামের সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে।

-B